



ইরান সব রেড লাইন অতিক্রম করেছে: জিসিসি মহাসচিব



উপসাগরীয় সহযোগিতা পরিষদের মহাসচিব জাসেম মোহাম্মেদ আল বুদাইবি। ছবি: রয়টার্স

উপসাগরীয় সহযোগিতা পরিষদ (জিসিসি)-এর মহাসচিব জাসেম মোহাম্মেদ আল বুদাইবি বলেছেন, হরমুজ প্রণালি বন্ধ ও প্রতিবেশী দেশগুলোর ওপর হামলার মাধ্যমে ইরান সব ধরনের সীমারেখা লঙ্ঘন করেছে।

বৃহস্পতিবার (২৬ মার্চ) সৌদি আরবের রিয়াদে অনুষ্ঠিত বৈঠকে তিনি উল্লেখ করেন, হরমুজ প্রণালিতে চলাচল বন্ধ এবং শুষ্ক আরোপ আন্তর্জাতিক আইন ও জাতিসংঘ চুক্তির পরিপন্থী। একাধিক বাণিজ্যিক জাহাজ হামলা ও অপহরণের শিকার হয়ে নৌপরিবহনকে ক্ষতিগ্রস্ত করেছে।

মহাসচিব বলেন, জিসিসি দেশগুলো বিশ্বের গুরুত্বপূর্ণ অর্থনৈতিক কেন্দ্রে; তারা প্রতিদিন বিপুল পরিমাণ তেল উৎপাদন ও রপ্তানি করে। ইরানের এই পদক্ষেপ বিশ্ববাজারের সরবরাহ ব্যবস্থাকে ঝুঁকির মধ্যে ফেলে দিয়েছে।

তিনি অভিযোগ করেন, ইরান উদ্দেশ্যপ্রণোদিতভাবে জিসিসি দেশগুলোকে লক্ষ্যবস্তু বানাচ্ছে এবং বেসামরিক স্থাপনায় হামলা চালাচ্ছে।

